



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/ময়মন/কলেজ/২০২৬/৩৩৮০

তারিখ- ১৭.০২.২০২৬খ্রি:

বিষয়: ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন “কান্দিপাড়া আলীমুল্লাহ গার্লস স্কুল এন্ড কলেজ”- এর উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ২৮.১২.২০২৫ খ্রি: তারিখের ১১শ মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন “কান্দিপাড়া আলীমুল্লাহ গার্লস স্কুল এন্ড কলেজ” -কে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ	আবশ্যিক বিষয়	শাখা ভিত্তিক বিষয়	
		বিজ্ঞান শাখা	মানবিক শাখা
১। বিজ্ঞান	১। বাংলা	১। পদার্থ বিজ্ঞান	১। পৌরনীতি ও সুশাসন
২। মানবিক	২। ইংরেজি	২। রসায়ন	২। সমাজকর্ম
	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	৩। উচ্চতর গণিত	৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
		৪। জীব বিজ্ঞান	৪। ইসলাম শিক্ষা
			৫। মনোবিজ্ঞান

শর্তসমূহ:

- এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে ৪,০০,০০০/- (চার লক্ষ) এবং সাধারণ তহবিলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের জমাকৃত অর্থ বোর্ডের পূর্বানুমতি ছাড়া উত্তোলন করা যাবে না।
- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যার্টার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়া কৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না। কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- নিয়মিত কমিটি গঠন করে বোর্ডকে অবহিত করতে হবে।
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- উচ্চমাধ্যমিক পর্যায়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২৩ ইং তারিখের প্রজ্ঞাপনের আলোকে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা যৌথ নামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/র সভাপতি ও জেলা শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার) প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা: ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ জুন ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- অতিসত্তর কলেজ কোড নম্বর সংগ্রহের জন্য বোর্ডে আবেদন করতে হবে।
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা-মানবিক শাখায় ৫০ জন, বিজ্ঞান শাখায় ৫০ জন। শিফট: দিবা, ভার্শন: বাংলা, সহশিক্ষা।
- কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - উপরোক্ত শর্তসমূহ পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত- ২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার/বাতিল করা হবে।

সভাপতি/অধ্যক্ষ
কান্দিপাড়া আলীমুলেছা গার্লস স্কুল এন্ড কলেজ
গফরগাঁও, ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে
স্বা:
(প্রফেসর এস. এম. আরিফুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

স্মারক নম্বর-মশিবো/ময়মন/কলেজ/২০২৬/৩৩৮০(১০)

তারিখ- ১৭.০২.২০২৬খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৮। আইটি শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৯। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ১০। অফিস কপি।

১৭.০২.২৬

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

১৭.০২.২৬